উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির ফেব্রুয়ারি/২০২২খ্রি. মাসের সভার কার্যবিবরণী ঃ

সভার তারিখ ঃ ০৯.০২.২০২২খ্রি.।
সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "খ"তে উল্লেখ আছে।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার সময় ঃ দুপুর:১২.০০ঘটিকা।

## সভার আলোচনা

১। সদস্য সচিব জানান, প্রাণীসম্পদ অধিদপ্তর বিভিন্ন কর্মসূচী বেকার যুবকদের হাঁস-মুরগি পালন, গবাদিপশু মোটাতাজাকরণ, গাভী লালন-পালন করে দুধ উৎপাদন করা এবং পোল্ট্রী খামার স্থাপন করাসহ প্রাণিসম্পদ উন্নয়নে তথা বেকার যুবক/যুবতিদের মাংস, দুধ, ডিম তথা প্রাণিজ আমিষ উৎপাদনে আগ্রহী করে তুলার জন্য নিরলসভাবে কাজ করে চলছে। সভায় উক্ত কার্যক্রমে খামারী তথা পারিবারিক ভাবে পালিত হাঁস-মুরগি পালন, গবাদী পশু লালন পালনকারীদের বিভিন্ন প্রশিক্ষণমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বড়লেখাকে অনুরোধ করা হয়।

২। সমতল ভূমি বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জীবনমান উন্নয়নের জন্য প্রাণীসম্পদ অধিদপ্তর একটি প্রকল্প গ্রহনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এনএটিপি প্রকল্পের মাধ্যমে ভেড়ার ঘর তৈরি করাসহ ভেড়া বিতরণ করা হবে তাদের মধ্যে।

৩। প্রকৃত মাছচাষিদের মধ্যে বিনামূল্যে পোনা ও খাবার প্রদান করা হবে। প্রকৃত মাছচাষীদের তালিকা দ্রুত তৈরির কার্যক্রম চলমান আছে। সকল ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে তালিকা তৈরি করা হবে।

## সভার সিদ্ধান্ত

১। সভায় বিস্তারিত আলোচনান্তে, খামারী তথা পারিবারিক ভাবে পালিত হাঁস-মুরগি পালন, গবাদী পশু লালন পালনকারীদের বিভিন্ন প্রশিক্ষণমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বড়লেখাকে অনুরোধ করা হয়। এতে স্থানীয় পর্যায়ে মানুষ মাছ, মাংস, দুধ, ডিম উৎপাদন করতে পারবে। তাদের মানুষের জীবনমান উন্নতি হবে। প্রাণিজ আমিষের চাহিদা পূরণ হবে।

২। সমতল ভূমি বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জীবনমান উন্নয়নের জন্য প্রাণীসম্পদ অধিদপ্তর একটি প্রকল্প করা হয়েছে। তা বাস্তবায়নে স্থানীয় ইউপি চেয়ারম্যানের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেয়ার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বড়লেখাকে অনুরোধ করা হয়।

৩। প্রকৃত মাছচাষীদের তালিকা দ্রুত তৈরি করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বড়লেখাকে অনুরোধ করা হয়। সকল ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে তালিকা তৈরি করার জন্য অনুরোধ করা হয়।

(মোহাম্মদ তাজ উদ্দিন)
সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বড়লেখা, মৌলভীবাজার।

স্মারক নং: ১৮০

তারিখ ঃ ০৯.০২.২০২২খ্রি.

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বড়লেখা।
২.চেয়ারম্যান, ০১নং বর্ণি ইউনিয়ন পরিষদ, বড়লেখা ।
৩.চেয়ারম্যান, ০৭নং তালিমপুর ইউনিয়ন পরিষদ, বড়লেখা।
৪. অফিস নথি।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়লেখা।
২.উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা।

(ডা: মো: আমিনুল ইসলাম)
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বড়লেখা, মৌলভীবাজার।

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির ফেব্রুয়ারি/২০২২খ্রি. মাসের সভার উপস্থিতি ঃ

সভার তারিখ :০৯.০২.২০২২খ্রি. ।

সময়: দুপুর :১২.০০ঘটিকা।

| ক্র:নং: | নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ তাজ উদ্দিন | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, বড়লেখা। | সভাপতি | |
| ০২ | জনাব ডা: আমিনুল ইসলাম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বড়লেখা। | সদস্য সচিব | |
| ০৩ | জনাব মোঃ কামরুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বড়লেখা | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ০১নং বর্ণি ইউপি, বড়লেখা। | সদস্য | |
| ০৫ | জনাব এখলাছুর রহমান | চেয়ারম্যান, ০৭নং তালিমপুর ইউপি, বড়লেখা। | সদস্য | |

(ডা: আমিনুল ইসলাম)
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বড়লেখা, মৌলভীবাজার।

(মোহাম্মদ তাজ উদ্দিন)
সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বড়লেখা, মৌলভীবাজার।

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির এপ্রিল/২০২২খ্রি. মাসের সভার কার্যবিরবণী ঃ

সভার তারিখ ঃ ২০.০৪.২০২২খ্রি.।
সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "খ"তে উল্লেখ আছে।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার সময় ঃ দুপুর:১২.০০ঘটিকা।

## সভার আলোচনা

১। সদস্য সচিব জানান, খামারী তথা পারিবারিক ভাবে পালিত হাঁস-মুরগি পালন, গবাদী পশু লালন পালনকারীদের বিভিন্ন ধাপে ০৩(তিন দিন) ব্যাপী প্রশিক্ষণমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে সভায় জানান।

২। প্রকৃত মাছচাষিদের মধ্যে বিনামূল্যে পোনা ও খাবার প্রদান করা হবে। প্রকৃত মাছচাষীদের তালিকা দ্রুত তৈরি করা হয়েছে।

## সভার সিদ্ধান্ত

১। সভায় বিস্তারিত আলোচনান্তে, খামারী তথা পারিবারিক ভাবে পালিত হাঁস-মুরগি পালন, গবাদী পশু লালন পালনকারীদের বিভিন্ন প্রশিক্ষণমূলক কার্যক্রম গ্রহণ করে জীবনমুখী কাজে যাতে লাগাতে পারে সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বড়লেখাকে অনুরোধ করা হয়। এতে স্থানীয় পর্যায়ে মানুষ মাছ, মাংস, দুধ, ডিম উৎপাদন বৃদ্ধি পাবে, প্রাণিজ আমিষের চাহিদা পূরণ হবে এবং বেকারত্ব দূর হবে।

২। প্রকৃত মাছ চাষী, সকল অভয়া আশ্রম তথা হাকালুকি হাওরে পোনা মাছ তথা সকল সরকারি বড়পুকুরে পোনামাছ অক্সিজেনসহ গাড়ী নিয়ে পোনা পরিবহনের জন্য মৎস্য কর্মকর্তাকে সভায় অনুরোধ করা হয়।

(মোহাম্মদ তাজ উদ্দিন)
সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বড়লেখা, মৌলভীবাজার।

স্মারক নং: ৭ ৫

তারিখ ঃ ২০.০৪.২০২২খ্রি.

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বড়লেখা।
২.চেয়ারম্যান, ০১নং বর্ণি ইউনিয়ন পরিষদ, বড়লেখা ।
৩.চেয়ারম্যান, ০৭নং তালিমপুর ইউনিয়ন পরিষদ, বড়লেখা।
৪. অফিস নথি।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।
১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়লেখা।
২.উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা।

(ডা: মো: আমিনুল ইসলাম)
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বড়লেখা, মৌলভীবাজার।

**উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির এপ্রিল/২০২২খ্রি. মাসের সভার উপস্থিতি ঃ**

সভার তারিখ :২০.০৪.২০২২খ্রি. ।

সময়: দুপুর :১২.০০ঘটিকা।

| ক্র:নং: | নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ তাজ উদ্দিন | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, বড়লেখা। | সভাপতি | |
| ০২ | জনাব ডা: আমিনুল ইসলাম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বড়লেখা। | সদস্য সচিব | |
| ০৩ | জনাব মোঃ কামরুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বড়লেখা | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ০১নং বর্ণি ইউপি, বড়লেখা। | সদস্য | |
| ০৫ | জনাব এখলাছুর রহমান | চেয়ারম্যান, ০৭নং তালিমপুর ইউপি, বড়লেখা। | সদস্য | |

(ডা: আমিনুল ইসলাম)
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বড়লেখা, মৌলভীবাজার।

(মোহাম্মদ তাজ উদ্দিন)
সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
ও ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বড়লেখা, মৌলভীবাজার।